গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকী ১৫ আগস্ট, ২০২২ জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আবদুল ওয়াহাব ভূঞা, মহাপরিচালক
সভার তারিখ : ০২ আগস্ট, ২০২২
সভার সময় : বেলা ০৩.৩০ ঘটিকা
স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২)
উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি ১৫ আগস্ট, ১৯৭৫ এ শাহাদাত বরণকারী তাঁর পরিবারবর্গের সদস্যবৃন্দসহ অন্যান্য শহীদদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত ১৭ জুলাই, ২০২২ তারিখে অনুষ্ঠিত ''জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষে ধানমন্ডি ৩২-এ অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির'' সভার সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করে শুনান।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

ক্র:	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/কর্মকর্তা
২.১	জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে ২৭ জুলাই, ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক অধিদপ্তরের প্রধান কার্যালয়ে মাসব্যাপী প্রদর্শনের জন্য ব্যানার এবং ড্রপডাউন ব্যানার স্থাপন করা হয়েছে।	পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)
২.২	১৫ আগস্ট ২০২২ তারিখ জাতীয় শোক দিবসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ অধীনস্থ সকল কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। এ ক্ষেত্রে বাংলাদেশ পতাকা বিধিমালা, ১৯৭২ অনুসরণ করতে হবে। জাতীয় পতাকার মাপ ও রং যথাযথ হতে হবে। কোনভাবেই ছেঁড়া বা বিবর্ণ পতাকা উত্তোলন করা যাবে না। মাঠ পর্যায়ে অতিরিক্ত পরিচালকগণ এবং স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান যথাযথ মনিটরিং করে সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করবেন।	পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)/ মাঠ পর্যায়ের সকল কার্যালয় প্রধান
২.৩	১৫ আগস্ট ২০২২ ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের নির্দেশনা অনুসারিত হবে।	পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা
২.৪	১৫ আগস্ট ২০২২ তারিখ জাতীয় শোক দিবসে সকাল ১০.০০ ঘটিকায় অধিদপ্তরের প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণ প্রধান কার্যালয়ে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন।	পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)
২.৫	অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সভা কক্ষে (৭ম তলা) ১৫ আগস্ট ২০২২ তারিখ জাতীয় শোক দিবসে বেলা ১১.০০ ঘটিকায় আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। বিভাগীয় কার্যালয় ঢাকা, মেট্রো কার্যালয়, উত্তর/দক্ষিণ এবং বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা অধিদপ্তরে অনুষ্ঠিত আলোচনা সভায় অংশগ্রহণ করবে। অন্যান্য বিভাগ ও জেলা পর্যায়ের কার্যালয়সমূহ বিভাগীয় কমিশনারের কার্যালয় ও জেলা প্রশাসনের	পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)/ মাঠ পর্যায়ের সকল কার্যালয় প্রধান

	সাথে সমন্বয়পূর্বক যথাযথভাবে কর্মসূচি পালন করবে। মাঠ পর্যায়ে স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান এবং অতিরিক্ত পরিচালক যথাযথ মনিটরিং করে সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করবেন।	
২.৬	জাতীয় শোক দিবসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ আওতাধীন সকল কার্যালয় পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।	পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)
২.৭	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে ১৫ আগস্ট, ২০২২ তারিখ জাতীয় শোক দিবস মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও এর আওতাধীন কার্যালয়সমূহ (বিভাগ ও জেলা পর্যায়ের) স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালন করবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়
২.৮	দোয়া মাহফিল পরিচালনার জন্য পরিচালক (নিরোধ শিক্ষা) একজন অভিজ্ঞ ইমামকে দায়িত্ব প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।	পরিচালক (নিরোধ শিক্ষা) এবং সহকারী পরিচালক (কমন সার্ভিস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২.৯	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য মাসব্যাপী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী কালো ব্যাজ ধারণ করবেন।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়
২.১০	১৫ আগস্ট, ২০২২ তারিখ জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ অধিদপ্তরে এলইডি ও কিয়স্কসমূহে দিনব্যাপী প্রচার করা হবে।	১. পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) ২. পরিচালক (নিরোধ শিক্ষা)

৩। আলোচনা সভা ও দোয়া মাহফিলসহ জাতীয় শোক দিবসের সকল কর্মসূচিতে জাতির পিতার ছবি সম্বলিত সকল পোস্টার ও স্লোগান নির্বাচনের আগে মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সম্মতি গ্রহণ করতে হবে।

৪। জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ হতে এতদসংক্রান্ত জারীকৃত সকল নির্দেশনা/সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালন নিশ্চিতকরণের আহবান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

02/8/2022

(মোঃ আবদুল ওয়াহাব ভূঞা)
মহাপরিচালক

১৮ শ্রাবণ, ১৪২৯

নম্বর- ৫৮.০২.০০০০.০০৫.০১.০০৯.২১.৫১৭৫ তারিখ : ------------------

০২ আগস্ট, ২০২২

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
২) পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩) চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪) প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
৬) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৮) উপপরিচালক (..................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো:কার্যালয়/জেলা

কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.........................।

৯) সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

১০) সহকারী পরিচালক (.................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.........................।

১১) সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪) অফিস কপি।

02/08/22

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)।